# রংপুর সিটি কর্পোরেশন

## সাধারণ শাখা

www.rpcc.gov.bd

**রংপুর সিটি কর্পোরেশনের এপ্রিল/ ২০২৬ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মাহফুজ উন নবী চৌধুরী
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় : ১৬.০৪.২০২৬খ্রি. বৃহস্পতিবার, সকালঃ ১১ টা
সভার স্থান : রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তা (অ:দা:)কে আহবান করেন। এর পরিপ্রেক্ষিতে সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র/ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত মাসিক সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদনকরণ। | প্রধান নির্বাহী কর্মকর্তা গত মাসিক সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকলে তা দৃঢ়ীকরণ করার বিষয়ে মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে কার্যবিবরনী দৃঢ়ীকরণের বিষয়ে একমত পোষণ করেন। | গত ০৫/০৩/২০২৬খ্রি. মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদন করা হয়। | প্রধান সহকারী |
| ২ | পরিচ্ছন্ন সামগ্রী (ঝাড়ু, কাটাকোদাল, হাসুয়া, প্লেন কোদাল, বেলচা, প্লাস্টিক বেলচা, রেইনকোট, মাক্স, কোটি, টর্চলাইট) ক্রয়করণ প্রসঙ্গে আলোচনা। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা সভায় উপস্থাপন করেন যে, শহর পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য পরিচ্ছন্ন সামগ্রী যথেষ্ট পরিমানে না থাকায় (ঝাড়ু, কাটাকোদাল, হাসুয়া, প্লেন কোদাল, বেলচা, প্লাস্টিক বেলচা, রেইনকোট, মাক্স, কোটি, টর্চলাইট) ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।আলোচনান্তে ক্রয় সামগ্রীর সাথে ডামকোট সংযুক্ত করা যেতে পারে ও মাসে কতটুকু ব্লিচিং পাউডার ব্যয় হবে তা নির্ধারণ করে ক্রয় করতে হবে মর্মে সকল সদস্য একমত পোষণ করেন। | শহর পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য পরিচ্ছন্ন সামগ্রী যথেষ্ট পরিমানে না থাকায় (ঝাড়ু, কাটাকোদাল, হাসুয়া, প্লেন কোদাল, বেলচা, প্লাস্টিক বেলচা, রেইনকোট, মাক্স, কোটি, টর্চলাইট) ও অন্যান্য মালামাল ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৩ | ফিল্ড পরিদর্শনে মটর সাইকেল এর জ্বালানী তেল (শাখা প্রধান, পরিদর্শক, সি. ও) সরবরাহকরণ প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা উপস্থাপন করেন পরিস্কার পরিচ্ছন্নতা পরিদর্শন করার জন্য শাখা প্রধান, পরিদর্শক ও সি.ও দের জ্বালানী তেল সরবরাহ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলরগণ ও শাখা প্রধানগণ বলেন তাদের শাখায় যারা ফিল্ড পরিদশনে যান তাদেরও জ্বালানী তেলের প্রয়োজন। কিন্তু ইরান ও আমেরিকার সাথে যুদ্ধের কারণে সারা বিশ্বে তেলের সংকট হওয়ায় জ্বালানী তেল সরবরাহ বন্ধ রয়েছে। কাজের গুরুতব বিবেচনা করে স্লাব নির্ধারণ করে মাসিক ৭ / ১০ লিটার তেল সরবরাহ করার জন্য সকল সদস্য একমত পোষণ করেন। | রংপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখার যেসব কর্মকর্তা / কর্মচারী ফিল্ড পরিদর্শনে যান তাদের পরিদর্শনের গুরুত্ব ভেবে স্লাব নির্ধারণ করে মাসিক ৭/ ৮ লিটার জ্বালানী তেল সরবরাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | তত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | মহানগরীর জলাবদ্ধতা নিরসনে জরুরী ভিত্তিতে প্রধান প্রধান সড়কের ড্রেনসমূহ পরিস্কার করণ প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা উপস্থাপন করেন বর্ষা মৌসুম আসন্ন হওয়ায় জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে শহরের প্রধান প্রধান সড়কের ড্রেনসমূহ পরিস্কার করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সকল সদস্য ড্রেনগুলো পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য একমত পোষণ করেন। | বর্ষা মৌসুম আসন্ন হওয়ায় জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে শহরের প্রধান প্রধান সড়কের ড্রেনসমূহ পরিস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৫ | বর্জ্য ব্যবস্থাপনার জন্য ওয়ার্ড পর্যায়ে STS নির্মাণ প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা উপস্থাপন করেন নগরীর বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম অধিকতর কার্যকর, সুশৃংখল ও পরিবেশ সম্মতভাবে পরিচালনার লক্ষ্যে (STS) স্থাপনের জন্য উপযুক্ত স্থান নির্ধারণ করা প্রয়োজন। এলাকাবাসী নিজ নিজ এলাকায় (STS) নির্মাণ করতে বাধা প্রদান করেন STS নির্মাণ করলে এলাকা দূর্গন্ধ ও মশা, মাছি বৃদ্ধি পাবে এবং পরিবেশ নষ্ট হবে। তৎপ্রেক্ষিতে সম্পত্তি কর্মকর্তা সম্পত্তি শাখাকে সরকারি জায়গা বা পরিত্যাক্ত জায়গা বা অবৈধ জায়গা উচ্ছেদ এর জন্য প্রিন্সিপাল / জেলা প্রশাসককে পত্র প্রদান করে STS নির্মাণের প্রস্তাব করেন। STS ছাড়া শহর পরিস্কার পরিচ্ছন্ন রাখা সম্ভব নয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কারমাইকেল কলেজ / তুতফার্ম এলাকায় STS এর প্রাক্কলন তৈরী করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | রংপুর সিটি কর্পোরেশনের কারমাইকেল কলেজ / তুতফার্ম এলাকায় STS এর প্রাক্কলন তৈরী করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৬ | নাছনিয়াস্থ্য মানব বর্জ্য ট্রিটমেন্ট প্লান্ট সংস্কারকরণ প্রসঙ্গে আলোচনা | সভায় প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা উপস্থাপন করেন মানব বর্জ্য সংরক্ষণের জন্য নাছনিয়াস্থ্য ট্রিটমেন্ট প্লান্টের টিন সেড মেরামত এবং মেঝে ভেংঙ্গে যাওয়ায় সংস্কার করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ট্রিটমেন্ট প্লান্ট সংস্কারের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | নাছনিয়াস্থ্য মানব বর্জ্য ট্রিটমেন্ট প্লান্ট সংস্কারকরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৭ | জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে জনস্বার্থে সিটি কর পরিশোধের প্রমানক ছাড়া সেবা সরবরাহকরণ প্রসংঙ্গে আলোচনা। | সভায় শাখা প্রধান, জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখা উপস্থাপন করেন ইতোপূর্বে জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে নাগরিকদের নিকট থেকে সিটি কর পরিশোধের প্রমানক ছাড়া জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রদান করা হয় না, এতে অনেক গরিব ও অসহায় এবং ভাড়াটিয়াদের ভোগান্তির সৃষ্টি হচ্ছে। জনগনের ভোগান্তি লাঘবের জন্য পূর্বের আদেশ বাতিল করে সিটি কর পরিশোধের প্রমানক ছাড়া জন্ম ও মৃত্যু সনদ প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে জনগণের সেবা বৃদ্ধির লক্ষ্যে সিটি কর পরিশোধের প্রমানক ছাড়া সেবা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | শাখা প্রধান জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখা |
| ৮ | রাজস্ব আদায়ের স্বার্থে চলতি ২০২৫-২০২৬খ্রি. অর্থ বছরের সিটি করের বিল আগামী ৩০/০৫/২০২৬ খ্রি. তারিখের মধ্যে পরিশোধ করলে বকেয়া বিলের | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা (অ:দা:) উপস্থাপন করেন যে, ইতোপূর্বে এ কার্যালয়ের অস্থায়ী/ দৈনিক হাজিরা ভিত্তিতে কর্মকর্তা/ কর্মচারীদের বেতনবৃদ্ধি করায় অর্থের সংকুলান হয়েছে। সেলক্ষ্যে রাজস্ব আয় বৃদ্ধি করা প্রয়োজন। রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে গ্রাহকদের উদ্বুদ্ধ করার জন্য আগামী ৩০/০৫/২০২৬ | রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে আগামী ৩০/০৫/২০২৬ পর্যন্ত গ্রাহকগণ মোট বিলের কর পরিশোধ করলে ২৫% মওকুফ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপর ২৫% মওকুফকরণ প্রসঙ্গে আলোচনা। | পর্যন্ত মোট বিলের উপর ২৫% মওকুফ করার বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে সকল সদস্য একমত পোষণ করেন। | | |
| ৯ | রংপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকায় স্ট্রীট লাইট স্থাপন ও আধুনীকিকরণ প্রকল্প, রংপুর মহানগরীর শ্যামাসুন্দরী খাল পুনরুজ্জীবন ও সৌন্দর্য্য বর্ধন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের বর্ধিত এলাকায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ রাস্তাসমূহ প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা দূরীকরণ ও ড্রেনেজ ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের কুকরুল খাল সংস্কার, ওয়াকওয়ে নির্মাণ, সংযোগ সড়ক উন্নয়ন ও বৃষ্টির পানি সংরক্ষণ সহ নান্দনিক পরিবেশ সৃষ্টি প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের কাইমাগিলি ক্যানেল পুন:খনন, পাড় সংরক্ষণ বৃক্ষ রোপন ও উন্নয়ন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের কেডি খাল পুন:খনন, পাড় সংরক্ষন, বৃক্ষ রোপন ও উন্নয়ন প্রকল্প Feasibility Study. DPP. কনসালটেন্ট নিয়োগ প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা (অ:দা:) উপস্থাপন করেন রংপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকায় স্ট্রীট লাইট স্থাপন ও আধুনীকিকরণ প্রকল্প, রংপুর মহানগরীর শ্যামাসুন্দরী খাল পুনরুজ্জীবন ও সৌন্দর্য্য বর্ধন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের বর্ধিত এলাকায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ রাস্তাসমূহ প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা দূরীকরণ ও ড্রেনেজ ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের কুকরুল খাল সংস্কার, ওয়াকওয়ে নির্মাণ, সংযোগ সড়ক উন্নয়ন ও বৃষ্টির পানি সংরক্ষণ সহ নান্দনিক পরিবেশ সৃষ্টি প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের কাইমাগিলি ক্যানেল পুন:খনন, পাড় সংরক্ষণ বৃক্ষ রোপন ও উন্নয়ন প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশনের কেডি খাল পুন:খনন, পাড় সংরক্ষন, বৃক্ষ রোপন ও উন্নয়ন প্রকল্প করার জন্য Feasibility Study. DPP. কনসালটেন্ট নিয়োগ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কনসালটেন্ট নিয়োগের ক্ষেত্রে সকল সদস্য একমত পোষণ করেন। | রংপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকার উন্নয়নমূলক প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য Feasibility Study. DPP. কনসালটেন্ট নিয়োগ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) |
| ১০ | মহানগরীর বিভিন্ন মসজিদ, মন্দিরে অনুদান প্রদান সংক্রান্ত আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা (অ:দা:) উপস্থাপন করেন রংপুর মহানগরীর বিভিন্ন এলাকার মসজিদ , মন্দির মেরামত/ সংস্কার এবং নির্মাণের জন্য জনগণ আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে অনুদান প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে সকল সদস্য অনুদান প্রদানের জন্য একমত পোষণ করেন। | রংপুর মহানগরীর বিভিন্ন এলাকার মসজিদ , মন্দির মেরামত/ সংস্কার এবং নির্মাণের লক্ষ্যে অনুদান প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | প্র:হিসাবরক্ষণ কর্মকর্তা(চ:দা:) |
| ১১ | চিকিৎসাজনিত আর্থিক সহায়তা কমিটি গঠন অনুমোদন সংক্রান্ত আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা (অ:দা:) উপস্থাপন করেন যে, ইতোপূর্বে চিকিৎসা জনিত আর্থিক সহায়তা কমিটি গঠন করা ছিল, কিন্তু তা পুনরায় ০৫( পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সকল সদস্য একমত পোষণ করেন। | রংপুর সিটি কর্পোরেশণের চিকিৎসাজনিত আর্থিক সহায়তা কমিটি পুনরায় ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠনপূর্বক অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চ:দা:) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | বিভিন্ন উন্নয়নমূলক চলমান কাজের অগ্রগতি এবং নতুন করে উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) রংপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প হণ ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত উপস্থাপন করেন। ক) (১) তিনি জানান যে, ৯৫.৬৪ কোটি টাকা বয়ে এলজিসিআরআরপি প্রকল্পের আওতায় ২৯টি প্যাকেজের মধ্যে ১৯টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং ১০টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। যার গড় ভৌত অগ্রগতি ৮৫%। (২) এলআইইউপিসিপি প্রকল্পের আওতায় ১৯.৭৬ কোটি টাকা ব্যয়ে ২টি প্যাকেজে ৪টি ০৬ তলার ভবনের কাজ চলমান রয়েছে। যার গড় ভৌত অগ্রগতি ৮২%। (৩) উন্নয়ণ সহায়তা তহবিল ও নিজস্ব তহবিলের আওতায় ৩৭ কোটি টাকা ব্যয়ে ৪টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। যার গড় অগ্রগতি ৬৫%। খ) বিশেষ বরাদ্দ ও সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থ দ্বারা বাস্তবায়নের নিমিত্তে ০৮টি প্যাকেজের দরপত্র আহ্বান পূর্বক ঠিকাদার নির্বাচন করা হয়েছে৷ যার কাজ চলমান রয়েছে৷ তিনি দরপত্র আহ্বানের নিমিত্ত নিম্নবর্ণিত স্কীমসমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন৷<br>১. তালতলা নয়া নদীর রোড পূর্ব মহিন্দ্রা আজিজুলের বাড়ি হতে হানিফ মিয়ার বাড়ি হয়ে পূর্ব মহিন্দ্রা পাড়া জামে মসজিদ পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ, ওয়ার্ড নং- ৩৩, প্রাক্কলিত মুল্য- ৮৩২৬৪৮৮.০০ টাকা।<br>২. মহিন্দ্রা উত্তর পাড়া জামে মসজিদ হতে মৃত শাহজাহানের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ, ওয়ার্ড নং- ৩৩, প্রাক্কলিত মূল্য ৩৭৮৩৫৭১.০০ টাকা।<br>৩. মুদিখানা মুসলিমপাড়া জামে মসজিদ সংলগ্ন ঠাটারীপাড়া আতিয়ার হোসেন বাড়ী থেকে হোসেন নগর নুরু ইঞ্জিনিয়ারের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন, ওয়ার্ড নং- ৩৩, প্রাক্কলিত মূল্য- ১৬৫৬১২২৮.০০ টাকা।<br>৪. বাতেনের মোড় দুলালের বাড়ী হতে হোসেন নগর খয়বারের বাড়ী হয়ে মোল্লাপাড়া ব্রীজ পর্যন্ত, ওয়ার্ড নং- ৩৩, প্রাক্কলিত মূল্য- ২১৮০৬৭৫৭.০০ টাকা।<br>৫. মাইলানীর মোড় হতে হেলথ কমপ্লেক্স হয়ে বিসি রোড পর্যন্ত রাস্তা উন্নয়ন, ওয়ার্ড নং- ৩১, প্রাক্কলিত মূল্য- ৮৯৮৮৩৯০.০০ টাকা।<br>৬. গাইবান্ধা পাড়া মাদ্রাসা হতে গাইবান্ধাপাড়া কবরস্থান পর্যন্ত রাস্তা উন্নয়ন, ওয়ার্ড নং- ৩১, প্রাক্কলিত মূল্য- ৬০৭১২৪৪.০০ টাকা।<br>৭. আরাজী মসজিদ হতে হেফজো মাদ্রাসা হয়ে পানবাড়ী আফজালের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন, ওয়ার্ড নং- ৩১, প্রাক্কলিত মূল্য ১২৯০৩৯৬২.০০ টাকা।<br>৮. ধান গবেষনার (রংপুর-ঢাকা হাইওয়ে রোড) বাউন্ডারী ওয়াল হতে মাহিগঞ্জ দমদমা রাস্তা পর্যন্ত রাস্তা মেরামত, ওয়ার্ড নং- ৩২, প্রাক্কলিত মূল্য ৭১০২৫২৫.০০ টাকা।<br>৯. মাহিগঞ্জ শহীদ মিনার (কাচা বাজার) হতে পীরগাছা রোড হয়ে দেওয়ানটুলি ঈদগাহ মাঠ পর্যন্ত রাস্তা মেরামত, ওয়ার্ড নং- ২৯, প্রাক্কলিত মূল্য- ১০১৪৬১৩২.০০ টাকা।<br>১০. মাহিগঞ্জ শহীদ মিনার হতে গোসাইবাড়ী | ১. উন্নয়নমূলক কাজ সঠিকভাবে ও নির্দিষ্ট সময়ে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. ১-১৫ ক্রমিকে বর্ণিত স্কীমসমূহ এলটিএম অনুসরণে দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>৩. মশক নিধনের জন্য ঔষধ ক্রয়ের নিমিত্ত উন্মুক্ত দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত, ওয়ার্ড নং- ২৯, প্রাক্কলিত মূল্য ১০০২৭১৬৬.০০ টাকা।<br>১১. রংপুর সিটি কর্পোরেশনের গার্বেজ ইয়ার্ড এর আরসিসি ইয়ার্ড নির্মাণ, ওয়ার্ড নং- ২৯, প্রাক্কলিত মূল্য ৫৪৪১৯৭৫.০০ টাকা।<br>১২. কলাবাড়ী গার্বেজ ইয়ার্ডের রাস্তা নির্মাণ, ওয়ার্ড নং- ২৯, প্রাক্কলিত মূল্য- ৫২৫৪৬৮০.০০ টাকা।<br>১৩. চওড়ার হাট বাজারে সোকওয়েল, সেফটি ট্যাং এবং ডাস্টবিন নির্মাণ, ওয়ার্ড নং- ০৭, প্রাক্কলিত মূল্য ৭৮৬৮৩১.০০ টাকা।<br>১৪. লালকুটি লেন এ্যাডভোকেট তরিকুল সাহেবের বাড়ী হতে আক্তারুজ্জামান সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তাসহ ড্রেন নির্মাণ, ওয়ার্ড নং- ১৬, প্রাক্কলিত মূল্য ১০৮৭৩০৫.০০ টাকা।<br>১৫, উত্তম বানিয়াপাড়া ঈদগাহ মাঠ মোড় মদিনা স্টোর হতে মধ্যপাড়া পুলের পাড় রিপন আর্মির বাড়ী পর্যন্ত রাস্তা পুনর্বাসন, ওয়ার্ড নং- ০৩, প্রাক্কলিত মূল্য ১৪৩৫৭৩৭৫.০০ টাকা।<br>১৬. মশক নির্ধনের জন্য ঔষধ ক্রয়, প্রাক্কলিত মূল্য- ৪৯,৪৫,০০০/- টাকা। | | |
| ১৩ | আর্থিক সাহায্য প্রদান বিষয়ে আলোচনা। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, বছরব্যাপী আর্থিক সাহায্যের জন্য এ কার্যালয়ে আবেদন জমা হয়। উক্ত আর্থিক আবেদনসমূহ মাসিক সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় ও সম্মানিত কাউন্সিলরবৃন্দ একমত হয়ে ভূতাপেক্ষভাবে অনুমোদনকৃত আর্থিক সাহায্যের অংশ হিসাবে নিম্নরূপ আবেদনসমূহ অনুমোদন করা হয়।<br>১) ভারপ্রাপ্ত সভাপতি/ সাধারণ সম্পাদক রংপুর মহানগর জাতীয়তাবাদী (ব্যাটারী চালিত) অটো শ্রমিক দল, রংপুর = ১৫,০০০/-(পনের হাজার)<br>২) সভাপতি / সাধারণ সম্পাদক রংপুর মহানগর জাতীয়তাবাদী চার্জার,রিক্সাভ্যান শ্রমিক দল, রংপুর = ১৫,০০০/-(পনের হাজার)<br>৩) সভাপতি / সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত) বাংলাদেশ জাতীয়তাবাদী রিক্সা-ভ্যান-অটো চালক দল, রংপুর = ২০,০০০/-(বিশ হাজার)<br>৪) আহবায়ক / সদস্য-সচিব, বাংলাদেশ জাতীয়তাবাদী রিক্সা-ভ্যান-অটোচালক দল, রংপুর = ১৫,০০০/- (পনের হাজার)<br>৫) সভাপতি / সাধারণ সম্পাদক রংপুর মহানগর জাতীয় চার্জার রিক্সা-ভ্যান শ্রমিক ইউনিয়ন, রংপুর = ১৫,০০০/-(পনের হাজার)<br>৬) সভাপতি / সাধারণ সম্পাদক রংপুর মহানগর জাতীয় চার্জার রিক্সা-ভ্যান চালক ইউনিয়ন, রংপুর = ১৫,০০০/-(পনের হাজার) | ভূতাপেক্ষভাবে অনুমোদনকৃত আংশিক আর্থিক সাহায্যের বিভিন্ন প্রতিষ্ঠানের ১১টি আবেদনে মোট ১,৬৫,০০০/- (এক লক্ষ পয়ষট্টি হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদানের সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চ:দা:) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৭) সাধারণ সম্পাদক<br>রংপুর মহানগর বেসরকারী ইলেকট্রিক শ্রমিক ইউনিয়ন রংপুর = ১০,০০০/- (দশ হাজার)<br>৮) সভাপতি /সাধারণ সম্পাদক<br>রংপুর মহানগর জাতীয় শ্রমিক পার্টি, রংপুর = ১৫,০০০/- (পনের হাজার)<br>৯) সভাপতি / সম্পাদক<br>রংপুর মহানগর ঠেলা ও মালবাহী ভ্যান পরিবহনের মালামাল লোডিং, আনলোডিং কুলি শ্রমিক ইউনিয়ন রংপুর = ২০,০০০/- (বিশ হাজার)<br>১০) সভাপতি / সাধারণ সম্পাদক<br>রংপুর জেলা ট্রাক, ট্রাংকলরী, কাভার্ডভ্যান ও ট্রাক্টর শ্রমিক ইউনিয়ন, রংপুর = ১৫,০০০/- (পনের হাজার)<br>১১) প্রজন্ম ফাউন্ডেশন এর পক্ষে মুদাব্বির মারুফ মুহিত, রংপুর = ১০,০০০/- (দশ হাজার)<br>১২) সভাপতি / সাধারণ সম্পাদক<br>রংপুর মহানগর দোকান কর্মচারী ইউনিয়ন, রংপুর = ১০,০০০/- (দশ হাজার)<br>১৩) সভাপতি<br>সাংস্কৃতি ঐক্য পরিষদ, রংপুর = ৫০,০০০/- (পঞ্চাশ হাজার)<br>১৪) চেয়ারম্যান<br>কিশোরকন্ঠ ফাউন্ডেশন, রংপুর = ১০,০০০/-(দশ হাজার)<br>১৫) মো: আব্দুর রাজ্জাক চৌধুরী মুবেল<br>টেবিল টেনিস কোচ = ২০,০০০/-(বিশ হাজার)<br>১৬) আহবায়ক<br>রংপুর মাস্টার ক্রিকেটার্স এসোশিয়েশন রংপুর = ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) | | |
| ১৪ | বিবিধ :<br>(ক) শহীদ জুলাই যোদ্ধাদের ট্রেড লাইসেন্স প্রদান প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা (অ:দা:) উপস্থান করেন ০৫ আগস্ট ২০২৪ এর পর থেকে শহীদ ও আহত পরিবারের পক্ষ থেকে ট্রেড লাইসেন্সের জন্য আবেদন পাওয়া গেছে। আবেদনের প্রেক্ষিতে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলরগন বলেন (গেজেটেড) অর্থনৈতিক ভাবে যারা দুর্বল শহীদ পরিবারের শুধু মাত্র তাদের যাচাই বাছাইপূর্বক অটো রিক্সা লাইসেন্স প্রদানের জন্য সকল সদস্য একমত পোষণ করেন। | ০৫ আগস্ট ২০২৪ এর পর যারা শহীদ হয়েছেন তাদের যাচাই বাছাইপূর্বক অটো রিক্সার ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গ্রহিত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| | (খ) রংপুর সিটি কর্পোরেশনের সুরভী উদ্যানের নিকটে মসজিদ, ফায়ার সার্ভিসের ভিতরে মসজিদ, সাতগাড়া মাদ্রাসায় অনুদান প্রদান প্রসঙ্গে আলোচনা। | সভায় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বলেন নিকটে (শিক্ষা চত্বর) একটি মসজিদ রয়েছে মসজিদটি আর্থিক সংকটের কারনে সংস্কার করা সম্ভবপর হচ্ছে না, তাই আর্থিক অনুদান প্রয়োজন ও সহকারী পরিচালক ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বলেন ফায়ার সার্ভিসের ভিতরে ব্যক্তিগত উদ্যোগে একটি ১ম তলা মসজিদ নির্মাণ করা হয়েছে, সরকারি কোন অনুদান পাওয়া যাই নাই, আর্থিক অনুদান পেলে ২য় তলা করা সম্ভব হবে এবং বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রংপুর বলেন সাতগাড়ায় একটি মাদ্রাসা | সভায় রংপুর সিটি কর্পোরেশনের সুরভী উদ্যান নিকটের মসজিদ, ফায়ার সার্ভিসের ভিতরের মসজিদ ও সাতগাড়া মসজিদের আর্থিক অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চ:দা:) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রয়েছে, তা সংস্কার করা প্রয়োজন।কিন্ত অর্থের অভাবে সংস্কার করা সম্ভব হচ্ছে না আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে আর্থিক অনুদান প্রদানের ক্ষেত্রে সকল সদস্য একমত পোষণ করেন। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০।৪।২৬

মাহফুজ উন নবী চৌধুরী
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।
মোবাঃ ০১৭১৭৯৮৫৩২৩

স্মারক নং- ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৬-১৮৪৪

তারিখঃ ০৭ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি- সদয় অগতির জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৩। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৪। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৬। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৭। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চ:দা:), রংপুর সিটি কর্পোরেশন।
১০। নির্বাহী প্রকৌশলী, অঞ্চল. . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১১। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১২। সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), রংপুর সিটি কর্পোরেশন।
১৩। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৪। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।
১৫। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১৬। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
১৭। প্রশাসক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য), রংপুর সিটি কর্পোরেশন।
১৮। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১৯। অফিস নথি।

২০।৪।২৬

রাকিব হাসান
(পরিচিতি নম্বর-১৭০৯৪)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অ:দা:)
রংপুর সিটি কর্পোরেশন
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.